

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেডেল-০৩  
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৭- ১২১

তারিখ: ১৮.০২.২০১৭ খ্রি।

বিষয়: মশিন্দা শিকারপাড়া মডেল ফাজিল মাদরাসায় ২০১৪ সালে “অফিস সহকারী কাম হিসাব সহকারী” পদে এবং “নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর” পদে নিয়োগ প্রাপ্ত দু’জন ৩য় শ্রেণির কর্মচারীর নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্যসহ প্রয়োজনীয় অন্যান্য তথ্য মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) জনাব মো: আব্দুর রহমান, অফিস সহকারী কাম হিসাব সহকারী, মশিন্দা শিকারপাড়া মডেল ফাজিল মাদরাসার আবেদন, তারিখ: ১৭.০১.২০৮ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, জনাব মো: আব্দুর রহমান, অফিস সহকারী কাম হিসাব সহকারী, মশিন্দা শিকারপাড়া মডেল ফাজিল মাদরাসা কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারক মূলে একখানা আবেদন এ অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. দাখিলকৃত আবেদনে জনাব মো: আব্দুর রহমান “অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে এমপিভুক্তির জন্য অনুমতি চেয়েছেন।

০৩. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, “অফিস সহকারী কাম হিসাব সহকারী” পদে এবং “নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর” পদে নিয়োগের নিমিত্ত ০১.০১.২০১৪ খ্রি: তারিখে দৈনিক নয়া দিগন্ত পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। সে মোতাবেক ২৫.০৬.২০১৪ তারিখে নিয়োগ নির্বাচনী বোর্ড অনুষ্ঠিত হয় এবং বিজ্ঞ নিয়োগ বোর্ড কর্তৃক ১ম নির্বাচিত হওয়া জনাব মো: আব্দুর রহমানকে অফিস সহকারী কাম হিসাব সহকারী পদের বিপরীতে নিয়োগদানের জন্য সুপারিশ করা হয়।

০৪. ইতোমধ্যে (০১.০১.২০১৪ - ২০১৭) দীর্ঘ চার বছরেরও বেশী সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও জনাব মো: আব্দুর রহমান অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে এমপিওভুক্ত হতে পারেননি।

০৫. একই নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে “নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর” পদেও নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে ০১.০১.২০১৪ সালের দৈনিক নয়া দিগন্ত পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি দৃষ্টে প্রতীয়মান হয়। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে “নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর” পদের বিপরীতে কর্মচারী নিয়োগ প্রাপ্ত হয়েছে কি-না এবং নিয়োগ প্রাপ্ত হয়ে থাকলে এ পদে (“নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর”) নিয়োগ প্রাপ্ত কর্মচারী এমপিওভুক্ত হয়েছেন কি-না - এ বিষয়ে এ অধিদপ্তর অবহিত নয়।

০৬. দাপ্তরিক প্রয়োজনে মহোদয়ের মাদরাসার ২০১৪ সালে “অফিস সহকারী কাম হিসাব সহকারী” পদে এবং “নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর” পদে নিয়োগ প্রাপ্ত দু’জন ৩য় শ্রেণির কর্মচারীর নিয়োগ সংক্রান্ত নিম্নোক্ত যাবতীয় কাগজ-পত্র ও তথ্যসহ প্রয়োজনীয় অন্যান্য তথ্য প্রয়োজন-

- (১) সংশ্লিষ্ট পদে নিয়োগ বিজ্ঞপ্তির মূল কপি।
- (২) সংশ্লিষ্ট পদে নিয়োগ প্রাপ্তির নিমিত্ত প্রার্থীর ছবিযুক্ত আবেদন পত্র।
- (৩) সংশ্লিষ্ট পদে নিয়োগ কমিটি/বোর্ড কর্তৃক সুপারিশকৃত ফলাফল শীট।
- (৪) সংশ্লিষ্ট পদের বিপরীতে নিয়োগ কমিটি/বোর্ড কর্তৃক সুপারিশকৃত শিক্ষকের গভর্নিং বডি কর্তৃক প্রদত্ত নিয়োগ পত্র (গভর্নিং বডির রেজুলেশনসহ)।
- (৫) গভর্নিং বডি কর্তৃক প্রদত্ত নিয়োগ পত্রের আলোকে নিয়োগ প্রাপ্ত ব্যক্তির যোগদান পত্র।
- (৬) নিয়োগ প্রাপ্তির পর সংশ্লিষ্ট পদে যথাযথ কর্তৃপক্ষ বরাবর এমপিও প্রাপ্তির নিমিত্ত আবেদন পত্র।
- (৭) সংশ্লিষ্ট পদে নিয়োগ প্রাপ্তির পর প্রথম এমপিও কপি/শীট।
- (৮) জন্ম তারিখ প্রমাণক শিক্ষাগত সনদ।

০৭. এমতাবস্থায় বর্ণিত অবস্থার প্রেক্ষিতে মশিন্দা শিকারপাড়া মডেল ফাজিল মাদরাসায় ২০১৪ সালে “অফিস সহকারী কাম হিসাব সহকারী” পদে এবং “নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর” পদে নিয়োগ প্রাপ্ত দু’জন ৩য় শ্রেণির কর্মচারীর নিয়োগ সংক্রান্ত উপরিউক্ত যাবতীয় তথ্যসহ প্রয়োজনীয় অন্যান্য তথ্য আগামী ২৮.০২.২০১৭খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Amir  
18.02.17

(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর

ফোন নং- ৪১০৩০১৬৭

অধ্যক্ষ, মশিন্দা শিকারপাড়া মডেল ফাজিল মাদরাসা

ডাক+উপজেলা: গুরদাসপুর, নাটোর।

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল।

৪. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।

৫. অফিস কপি।